



ফি চা র

ওয়ান অ্যান্ড ওনলি স্টার সার্চ





ফি চা র

স্টার সার্চ





শাকিলা, ফুয়াদ নাসের, আইয়ুব বাচ্চু ও ফয়সাল সিদ্দিকী - যখন বিচারক

ফিচার

ইসলাম কিংবা মিমি ফারহানা হক, তেমনি আশা করা যায় এবারও বেরিয়ে আসবে নতুন কিছু সঙ্গীত প্রতিভা। যারা আগামীতে দেশের সঙ্গীতঙ্গনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

অনেকের মতেই দেশের সঙ্গীতঙ্গনে স্টার সার্চ একটি প্লাটফর্ম হিসেবে কাজ করছে। দেশের মিউজিক ও নবীন মিউজিশিয়ানদের জন্য এটি যে অত্যন্ত ভালো এবং সমরোপযোগী একটি উদ্যোগ এ কথা এক বাক্যে মেনে নিয়েছেন সবাই। আজম খান, আইয়ুব বাচ্চু, জেমস, নকীব খান, ফয়সাল সিদ্দিকী বগি, শাফিন আহমেদ, হামিন আহমেদ, পার্থ বড়ুয়া, কুমার বিশ্বজিৎ, মানাম আহমেদসহ সবাই এ প্রতিযোগিতা এবং মিউজিকের জন্য এ ধরনের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন। তাদের মতে, নতুন মিউজিশিয়ানদের জন্য স্টার সার্চ নিঃসন্দেহে বিশাল এক সুযোগ সৃষ্টি করে দিচ্ছে। আশা করা যায়, গত তিন বছরের মতো এবারের প্রতিযোগিতাটি থেকেও সম্ভাবনাময় কয়েকজন মিউজিশিয়ান বেরিয়ে আসবে— আর সেখানেই স্টার সার্চের অনেকটা সার্থকতা।

শেখ মনজু

১ ৯৯৯, ২০০০ ও ২০০১— পর পর তিন বছর স্টার সার্চ প্রতিযোগিতার সফল আয়োজন শেষে বেনসন অ্যান্ড হেজেস চতুর্থবারের

মতো আয়োজন করতে যাচ্ছে 'স্টার সার্চ' প্রতিযোগিতা। ৩ জুলাই থেকে 'ওয়ান অ্যান্ড ওনলি স্টার সার্চ ২০০২'-এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে। ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, ময়মনসিংহ, কুষ্টিয়া, বগুড়া এবং ফরিদপুরে প্রতিযোগিতার এন্ট্রি ফরম পাওয়া যাচ্ছে। এবার প্রতিযোগিতার প্রচার করা হচ্ছে আরো ব্যাপকভাবে। যাতে বেশি সংখ্যক প্রতিযোগী অংশ নিতে পারে সে কারণে বিভিন্ন দৈনিক পত্রিকার পাশাপাশি টিভি চ্যানেলে (চ্যানেল আই, এটিএন বাংলা) ও বিজ্ঞাপন করা হচ্ছে। পুরো জুলাই মাস জুড়েই প্রতিযোগীরা ফরম পূরণ করে পাঠাতে পারবেন। এরপর শুরু হবে অডিশন। এবারই প্রথম প্রতিযোগীরা ফরম পূরণ করে পাঠালেই অডিশনের জন্য নির্বাচিত হবেন। ঢাকা, চট্টগ্রাম এবং খুলনায় অডিশন অনুষ্ঠিত হবে। এই অডিশন পর্বটি এবারই প্রথমবারের মতো ভিডিওতে ধারণ করা হবে। বিচারকরা আবেদনপত্র ও অডিশনের ভিডিও দেখে চূড়ান্ত পর্যায়ের জন্য প্রতিযোগী নির্বাচন করবেন মোট ১৫ জন। প্রতিযোগিতায় এবার ভিডিও পর্ব যোগ হওয়ায় নিঃসন্দেহে প্রতিদ্বন্দ্বিতা বাড়বে। কারণ এবার প্রতিযোগীদের শুধু ভালো কণ্ঠ থাকলেই চলবে না, পাশাপাশি লাইভ পারফরম্যান্সেও তাদের যোগ্যতা তুলে ধরতে হবে। বরাবরের মতো এবারও ১৮ বছরের নিচে কোনো প্রতিযোগী এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে না।

গত তিন বছরের স্টার সার্চ থেকে যেমন বেরিয়ে এসেছে দারুণ সম্ভাবনাময় ভাইকিংস, দ্য ট্র্যাপ, গ্লাডটাইডারস, স্টিলার, আতাহার টিটো, সগুৎ, আরিফুল



স্টার সার্চ ২০০০-এর জ্যামিং সেশনে পপ সম্রাট আজম খান



স্টার সার্চ '৯৯-এর সেরা ব্যান্ড ভাইকিংস

